বাংলা বিভাগ, শৈলজানন্দ ফাল্গুনী স্মৃতি মহাবিদ্যালয়, বীরভূম

# **M.C.Q** for **6th Semester, B.A (General)**

***Prepared by***
***Dr. Ajoy Saha***
***Astt. Prof. of Bengali***

## DSE – 1B, বিষয় : উনিশ শতকের বাংলা নাটক

**বহুবিকল্পীয় প্রশ্ন : সঠিক উত্তরটি নির্বাচন কর।**

১। বাংলাদেশে প্রথম রঙ্গমঞ্চের নাম কী ?

**উত্তর :** ক) সাঁসুসি থিয়েটার ; খ) ক্যালকাটা থিয়েটার ; গ) প্লে হাউস ; ঘ) বেঙ্গলি থিয়েটার।

২। 'প্লে হাউস' কত সালে প্রতিষ্ঠিত হয় ?

**উত্তর :** ক) ১৭৭৮ খ্রি ; খ) ১৭৯৫ খ্রি ; গ) ১৮১২ খ্রি ; ঘ) ১৭৫৩ খ্রি।

৩। 'ক্যালকাটা থিয়েটার' কত সালে প্রতিষ্ঠিত হয় ?

**উত্তর :** ক) ১৭৭৯ খ্রি ; খ) ১৭৭৮ খ্রি ; গ) ১৮১২ খ্রি ; ঘ) ১৭৫৩ খ্রি।

৪। সর্বপ্রথম বাংলা নাট্যশালা কে স্থাপন করেছিলেন ?

**উত্তর :** ক) প্রসন্নকুমার ঠাকুর ; খ) হেরাসিম লেবেডেফ ; গ) গোলোকনাথ দাস ; ঘ) নবীনচন্দ্র বসু।

৫। প্রথম বাংলা নাট্যশালা কোনটি ?

অথবা

হেরাসিম লেবেডেফ কোন নাট্যশালাটি প্রতিষ্ঠা করেছিলেন ?

**উত্তর :** ক) বেঙ্গলি থিয়েটার ; খ) ক্যালকাটা থিয়েটার ; গ) প্লে হাউস ; ঘ) সাঁসুসি থিয়েটার।

৬। বেঙ্গলি থিয়েটারে প্রথম কোন নাটকটি অভিনীত হয়েছিল?

**উত্তর :** ক) মার্চেন্ট অফ ভেনিস ; খ) দি ডিসগাইস ; গ) নীলদর্পণ ; ঘ) লাভ ইজ দা বেস্ট ডক্টর।

৭। 'কাল্পনিক সংবদল' কোন নাটকের অনুবাদ ?

**উত্তর :** ক) মার্চেন্ট অফ ভেনিস ; খ) রোমিও জুলিয়েট ; গ) দি ডিসগাইস ; ঘ) লাভ ইজ দা বেস্ট ডক্টর।

৮। 'দি ডিসগাইস্' নাটকি কার লেখা ?

**উত্তর :** ক) ইংরেজ নাট্যকার এম. জড্রিল ; খ) ফরাসি নাট্যকার মলিয়ের ;
গ) ইংরেজ নাট্যকার শেক্সপিয়ার ; ঘ) হেরাসিম লেবেদেফ।

৯। 'লাভ ইজ দা বেস্ট ডক্টর' নাটকটি কার লেখা ?

**উত্তর :** ক) ইংরেজ নাট্যকার শেক্সপিয়ার ; খ) ফরাসি নাট্যকার মলিয়ের ;
গ) ইংরেজ নাট্যকার এম. জড্রিল ; ঘ) হেরাসিম লেবেদেফ।

১০। বাঙালি প্রতিষ্ঠিত প্রথম নাট্যশালা কোনটি ?

**উত্তর :** ক) সাঁসুচি রঙ্গালয় ; খ) ন্যাশনাল রঙ্গমঞ্চ ; গ) বিদ্যোৎসাহিনী রঙ্গমঞ্চ ; ঘ) হিন্দু থিয়েটার।

১১। হিন্দু থিয়েটার কে, কত সালে প্রতিষ্ঠা করেন ?

**উত্তর :** ক) প্রসন্নকুমার ঠাকুর, ১৮৭২ খ্রি ; খ) হেরাসিম লেবেডেফ, ১৭৯৫ খ্রি ;
গ) প্রসন্নকুমার ঠাকুর, ১৮৩৫ খ্রি ; ঘ) নবীনচন্দ্র বসু, ১৮৩৫ খ্রি।

১২। 'বিদ্যোৎসাহিনী রঙ্গমঞ্চে'র প্রতিষ্ঠাতা কে ?

**উত্তর :** ক) নবীনচন্দ্র বসু ; খ) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ; গ) গিরিশচন্দ্র ঘোষ ; ঘ) কালীপ্রসন্ন সিংহ।

১৩। জোড়াসাঁকো নাট্যশালার প্রতিষ্ঠাতা কে ?

**উত্তর :** ক) কালীপ্রসন্ন সিংহ ; খ) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ; গ) গিরিশচন্দ্র ঘোষ ; ঘ) নবীনচন্দ্র বসু।

১৪। বাংলাদেশের সাধারণ রঙ্গমঞ্চ বা ন্যাশন্যাল থিয়েটার কত সালে প্রতিষ্ঠিত হয় ?

**উত্তর :** ক) ১৮৭৮ খ্রি ; খ) ১৭৭২ খ্রি ; গ) ১৮৭২ খ্রি ; ঘ) ১৮৭৩ খ্রি।

১৫। 'রঙ্গালয়ের স্রষ্টা' কাকে বলা হয় ?

**উত্তর :** ক) মধুসূদন দত্ত ; খ) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ; গ) গিরিশচন্দ্র ঘোষ ; ঘ) দীনবন্ধু মিত্র।

১৬। প্রাক্-রঙ্গমঞ্চ যুগের দুজন শ্রেষ্ঠ নাট্যকার হলেন ?

**উত্তর :** ক) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ও মধুসূদন দত্ত ; খ) রবীন্দ্রনাথ ঠাকুর ও দ্বিজেন্দ্রলাল রায়
গ) গিরিশচন্দ্র ঘোষ ও দীনবন্ধু মিত্র ; ঘ) দীনবন্ধু মিত্র ও মধুসূদন দত্ত।

১৭। উনিশ শতকের রঙ্গমঞ্চ-উত্তর যুগের শ্রেষ্ঠ নাট্যকার কে ?

**উত্তর :** ক) গিরিশচন্দ্র ঘোষ ; খ) রবীন্দ্রনাথ ঠাকুর ; গ) মধুসূদন দত্ত ; ঘ) দ্বিজেন্দ্রলাল রায়।

১৮। বাংলার প্রথম মৌলিক নাটকরূপে কোন নাটক দুটিকে চিহ্নিত করা হয় ?

**উত্তর :** ক) শর্মিষ্ঠা ও নীলদর্পণ ; খ) রত্নাবলী ও কুলীনকুলসর্বস্ব ;
গ) ভদ্রার্জুন ও কীর্তিবিলাস ; ঘ) ভদ্রার্জুন ও শর্মিষ্ঠা।

১৯। 'কুলীনকুলসর্বস্ব' কার লেখা এবং কত সালে প্রকাশিত হয় ?

**উত্তর :** ক) মধুসূদন দত্ত, ১৮৬০ খ্রি ; খ) রামনারায়ণ তর্করত্ন, ১৮৬৪ খ্রি ;
গ) গিরিশচন্দ্র ঘোষ, ১৮৮০ খ্রি ; ঘ) রামনারায়ণ তর্করত্ন, ১৮৫৪ খ্রি।

২০। কোন নাট্যশালার আহ্বানে সাড়া দিয়ে মধুসূদন কোন নাটক ইংরেজিতে অনুবাদ করেছিলেন, যার ফলে বাংলা নাট্যসাহিত্যের সঙ্গে তাঁর নিবিড় যোগ সাধিত হয় ?

**উত্তর:** ক) ন্যাশনাল থিয়েটার ; গ) বিদ্যোৎসাহিনী রঙ্গমঞ্চ ;
ঘ) হিন্দু থিয়েটার ; ঘ) বেলগাছিয়া নাট্যশালা।

২১। দীনবন্ধুকে 'রঙ্গালয়ের স্রষ্টা' কে বলেছেন ?

**উত্তর :** ক) গিরিশচন্দ্র ঘোষ ; খ) রবীন্দ্রনাথ ঠাকুর ; গ) মধুসূদন দত্ত ; ঘ) দ্বিজেন্দ্রলাল রায়।

২২। মধুসূদনের প্রথম বাংলা নাটকের নাম ও প্রকাশকাল হল -

**উত্তর :** ক) পদ্মাবতী, ১৮৬০ ; খ) শর্মিষ্ঠা, ১৮৫৭ ; গ) কৃষ্ণকুমারী, ১৮৫৯ ; ঘ) শর্মিষ্ঠা, ১৮৫৯।

২৩। মধুসূদনের পৌরাণিক নাটকগুলি হল –

**উত্তর :** ক) পদ্মাবতী ও কৃষ্ণকুমারী ; খ) শর্মিষ্ঠা ও একেই কি বলে সভ্যতা ? ;
গ) কৃষ্ণকুমারী ও শর্মিষ্ঠা ; ঘ) শর্মিষ্ঠা ও পদ্মাবতী।

২৪। 'শর্মিষ্ঠা' নাটকের কাহিনিটি কোথা থেকে নেওয়া ?

**উত্তর :** ক) মহাভারতের নল-কুবের উপাখ্যান ; খ) মহাভারতের যযাতি উপাখ্যান ;
গ) রামায়ণের উত্তরাকাণ্ড ; ঘ) রামায়ণের আদি পর্ব।

২৫। 'কৃষ্ণকুমারী' নাটকটি বাংলা নাট্যসাহিত্যে উল্লেখযোগ্য কেন ?

**উত্তর :** ক) প্রথম বাংলা নাটক ; খ) প্রথম ট্রাজিক নাটক ;
গ) বাংলা নাট্য সাহিত্যের শ্রেষ্ঠ ঐতিহাসিক নাটক ;
ঘ) বাংলা নাট্যসাহিত্যের প্রথম ঐতিহাসিক নাটক ও প্রথম সার্থক ট্রাজেডি নাটক।

২৬। মধুসূদনের প্রহসনগুলি প্রকাশকালসহ হল –

**উত্তর :** ক) শর্মিষ্ঠা, ১৮৫৯ ও একেই কি বলে সভ্যতা, ১৮৬০ ;
খ) একেই কি বলে সভ্যতা, ১৮৬১ ও বুড়ো শালিখের ঘাড়ে রোঁ, ১৮৬০ ;
গ) একেই কি বলে সভ্যতা, ১৮৬০ ও বুড়ো শালিখের ঘাড়ে রোঁ, ১৮৬১ ;
ঘ) একেই কি বলে সভ্যতা, ১৮৬০ ও বুড়ো শালিখের ঘাড়ে রোঁ, ১৮৬০।

২৭। 'একেই কি বলে সভ্যতা ?' প্রহসনে মধুসূদন কাদের ব্যঙ্গ করেছেন ?

**উত্তর :** ক) বিধবা বিবাহের বিরোধীদের ; খ) বিবাহ বাতিকগ্রস্ত ব্রাহ্মণদের
গ) ইয়ং বেঙ্গল গোষ্ঠীর উচ্ছৃঙ্খলতাকে ; ঘ) রক্ষণশীল সমাজ প্রধানদের।

২৮। 'বুড়ো শালিখের ঘাড়ে রোঁ' প্রহসনটিতে মধুসূদন কাদের ব্যঙ্গ করেছেন ?

**উত্তর :** ক) রক্ষণশীল সমাজ প্রধানদের ; খ) বিধবা বিবাহের বিরোধীদের ;
গ) শৌখিন বাবু সম্প্রদায়কে ; ঘ) ইয়ং বেঙ্গল গোষ্ঠীর উচ্ছৃঙ্খলতাকে।

২৯। মধুসূদন মোট ক'টি নাটক ইংরেজিতে অনুবাদ করেছিলেন, সেগুলি কী কী ?

**উত্তর :** ক) ২টি – রত্নাবলী, নীলদর্পণ ; খ) ৩টি – রত্নাবলী, শর্মিষ্ঠা ও নীলদর্পণ ;
গ) ২টি – নীলদর্পণ ও কৃষ্ণকুমারী ; ঘ) ৩টি – নীলদর্পণ, কৃষ্ণকুমারী ও রত্নাবলী।

৩০। মধুসূদনের শেষ নাটক কোনটি ?

**উত্তর :** ক) মায়াকানন ; খ) পদ্মাবতী ; গ) কৃষ্ণকুমারী ; ঘ) বুড়ো শালিখের ঘাড়ে রোঁ।

৩১। গ্রিক পুরাণের (অ্যাপল্ অফ ডিসকর্ড) কাহিনীকে আশ্রয় করে মধুসূদন কোন নাটকটি লিখেছিলেন ?

**উত্তর :** ক) শর্মিষ্ঠা ; খ) মায়াকানন ; গ) পদ্মাবতী ; ঘ) কৃষ্ণকুমারী।

৩২। দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকটি কত সালে, কোথা থেকে প্রকাশিত হয় ?

**উত্তর :** ক) ১৮৬১, কলকাতা ; খ) ১৮৬০, কলকাতা ; গ) ১৮৬১, ঢাকা ; ঘ) ১৮৬০, ঢাকা।

৩৩। 'নীলদর্পণ' নাটকটি লেখক কোন ছদ্মনামে প্রকাশ করেন ?

**উত্তর :** ক) উদাসীন পথিক ; খ) কস্যচিৎ পথিকস্য ; ঘ) কমলাকান্ত ; ঘ) কস্যচিৎ ভাইপোস্য।

৩৪) 'নীলদর্পণ' নাটকের যে ইংরেজি অনুবাদ মধুসূদন দত্ত করেছিলেন সেটির নাম কী ?

**উত্তর :** ক) 'Nildarpan' ; খ) 'Indigo mirror' ; গ) 'The Indigo' ;
ঘ) 'The Indigo Planting Mirror'।

৩৫। 'নীলদর্পণ' নাটকের ইংরেজি অনুবাদটি কার নামে প্রকাশ হয়েছিল ?

**উত্তর :** ক) মধুসূদন দত্ত ; খ) দীনবন্ধু মিত্র ; গ) পাদ্রি জেমস লঙ ; ঘ) কালীপ্রসন্ন সিং।

৩৬। 'নীলদর্পণ' নাটকের প্রভাবে দক্ষিণারঞ্জন চট্টোপাধ্যায় যে দুটি 'দর্পণমূলক' নাটক লিখেছিলেন সেদুটি হল -

**উত্তর :** ক) জমিদার দর্পণ, জেল দর্পণ ; খ) চা-কর দর্পণ, বঙ্গদর্পণ ;
গ) টাইটেল দর্পণ, পল্লীগ্রাম দর্পণ ; ঘ) জেল দর্পণ, চা-কর দর্পণ।

৩৭। দক্ষিণারঞ্জন চট্টোপাধ্যায় যে দুটি 'দর্পণমূলক' নাটক লিখেছিলেন তা কত সালে প্রকাশিত হয় ?

**উত্তর :** ক) ১৮৭৪ ; খ) ১৮৭৫ ; গ) ১৮৭৬ ; ঘ) ১৮৭৩।

৩৮। 'জমিদার দর্পণ' (১৮৭৩) নাটকটির রচয়িতা কে ?

**উত্তর :** ক) মীর মশারফ হোসেন ; খ) প্রিয়নাথ পালিত ; গ) অমৃতলাল বসু ; ঘ) রাজকৃষ্ণ রায়।

৩৯। ইংরেজ সরকার 'নাট্যনিয়ন্ত্রণ আইন' কত সালে প্রণয়ন করেন ?

**উত্তর :** ক) ১৮৭৭ ; খ) ১৮৭৫ ; গ) ১৮৭৬ ; ঘ) ১৮৭৩।

৪০। দীনবন্ধু মোট ক'টি প্রহসন লিখেছিলেন ও কী কী ?

**উত্তর :** ক) ২টি – সধবার একাদশী, জামাই বারিক ;
খ) ৩টি – সধবার একাদশী, বুড়ো শালিখের ঘাড়ে রোঁ, জামাই বারিক ;
গ) ৩টি – বিয়ে পাগলা বুড়ো, বুড়ো শালিখের ঘাড়ে রোঁ, জামাই বারিক ;
ঘ) ৩টি – সধবার একাদশী, বিয়ে পাগলা বুড়ো, জামাই বারিক।

৪১। 'সধবার একাদশী' নাটকে মধুসূদনের কোন নাটকের প্রভাব লক্ষ্য করা যায় ?

**উত্তর :** ক) পদ্মাবতী ; খ) একেই কি বলে সভ্যতা ? ; গ) কৃষ্ণকুমারী ; ঘ) বুড়ো শালিখের ঘাড়ে রোঁ।

৪২। 'বিয়ে পাগলা বুড়ো' নাটকে মধুসূদনের কোন নাটকের প্রভাব লক্ষ্য করা যায় ?

**উত্তর :** ক) পদ্মাবতী ; খ) একেই কি বলে সভ্যতা ? ; গ) কৃষ্ণকুমারী ; ঘ) বুড়ো শালিখের ঘাড়ে রোঁ।

৪৩। কোন নাটকটি দীনবন্ধু মিত্রের রচিত নয় ?

**উত্তর :** ক) লীলাবতী ; খ) অশ্রুমতী ; গ) নবীন তপস্বিনী ; ঘ) জামাই বারিক।

৪৪। নিমচাঁদ দীনবন্ধুর কোন নাটকের চরিত্র ?

**উত্তর :** ক) জামাই বারিক ; খ) নীলদর্পণ ; গ) সধবার একাদশী ; ঘ) বিয়ে পাগলা বুড়ো।

৪৫। কোন ঐতিহাসিক নাটকটি জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের রচিত নয় ?

**উত্তর :** ক) অশোক ; খ) অশ্রুমতী ; গ) সরোজিনী ; ঘ) পুরুবিক্রম।

৪৬। জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর দুটি ফরাসি প্রহসন নাটকের অনুবাদ করেছিলেন – সেগুলি কী কী ?

**উত্তর :** ক) অলীকবাবু, কিঞ্চিত জলযোগ ; খ) এমন কর্ম আর করব না, হঠাৎ নবাব ;
গ) কিঞ্চিত জলযোগ, দায়ে পড়ে দারগ্রহ ; ঘ) হঠাৎ নবাব, দায়ে পড়ে দারগ্রহ।

৪৭। জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের মৌলিক প্রহসন দুটির নাম হল –

**উত্তর :** ক) অলীকবাবু, কিঞ্চিত জলযোগ ; খ) এমন কর্ম আর করব না, হঠাৎ নবাব ;
গ) কিঞ্চিত জলযোগ, দায়ে পড়ে দারগ্রহ ; ঘ) হঠাৎ নবাব, দায়ে পড়ে দারগ্রহ।

৪৮। 'অলীকবাবু' প্রহসনটি প্রথমে কী নামে প্রকাশিত হয়েছিল ?

**উত্তর :** ক) কিঞ্চিত জলযোগ ; খ) এমন কর্ম আর করব না ; গ) দায়ে পড়ে দারগ্রহ ; ঘ) হঠাৎ নবাব।

৪৯। গিরিশচন্দ্রের প্রথম নাটক কোনটি ? তা কত সালে প্রকাশিত হয় ?

**উত্তর :** ক) রাবনবধ, **১৮৭৮** ; খ) লক্ষ্মণ-বর্জন, **১৮৮০** ;
গ) রাবনবধ, **১৮৮১** ; ঘ) সীতার বনবাস, **১৮৮৪**।

৫০। গিরিশচন্দ্রের বিখ্যাত পৌরাণিক নাটক 'জনা' কত সালে প্রকাশিত হয় ?

**উত্তর :** ক) **১৮৮৭** ; খ) **১৮৯০** ; গ) **১৮৯২** ; ঘ) **১৮৯৪**।

৫১। 'বিল্বমঙ্গল' (**১৮৮৮**) নাটকটি কার লেখা এবং কী জাতীয় নাটক ?

**উত্তর :** ক) মনমোহন বসু ; খ) দ্বিজেন্দ্রলাল রায় ; গ) গিরিশচন্দ্র ঘোষ ; ঘ) রাজকৃষ্ণ রায়।

৫২। গিরিশচন্দ্রের শ্রেষ্ঠ সামাজিক নাটক কোনটি ?

**উত্তর :** ক) বলিদান ; খ) হারানিধি ; গ) শাস্তি কি শান্তি ; ঘ) প্রফুল্ল।

৫৩। যোগেশ গিরিশচন্দ্রের কোন বিখ্যাত নাটকের চরিত্র ?

**উত্তর :** ক) বলিদান ; খ) প্রফুল্ল ; গ) জনা ; ঘ) বিল্বমঙ্গল।

৫৪। গিরিশচন্দ্রের প্রথম সামাজিক নাটক কোনটি ?

**উত্তর :** ক) বলিদান ; খ) হারানিধি ; গ) প্রফুল্ল ; ঘ) শাস্তি কি শান্তি ।

৫৫। বাংলাদেশে কন্যাদানের সমস্যা এবং কন্যাদানের পরবর্তী অবস্থার শোচনীয়তার দিকটি

গিরিশচন্দ্রের নাটকে উপস্থাপিত হয়েছে ?

**উত্তর :** ক) বলিদান ; খ) হারানিধি ; গ) শাস্তি কি শান্তি ; ঘ) প্রফুল্ল।

৫৬। কোনটি গিরিশচন্দ্রের ঐতিহাসিক নাটক নয় ?

**উত্তর :** ক) অশোক ; খ) সিরাজদৌল্লা ; গ) মীরকাশিম ; ঘ) আলমগীর।

৫৭। গিরিশচন্দ্রের কোন নাটকে তাঁর নিজের জীবনের ছায়া লক্ষ করা যায় ?

**উত্তর :** ক) বলিদান ; খ) বিল্বমঙ্গল ; গ) শাস্তি কি শান্তি ; ঘ) প্রফুল্ল।

৫৮। 'বিল্বমঙ্গল' নাটকের কাহিনি গিরিশচন্দ্র কোথা থেকে নিয়েছিলেন ?

**উত্তর :** ক) কাশীদাসী মহাভারত ; খ) টডের 'রাজস্থান' ;
গ) নভদাসজির 'ভক্তমাল' ; ঘ) জৈমিনি মহাভারত।

৫৯। 'সুরেন্দ্র বিনোদিনী' (১৮৭৫) এবং 'শরৎ সরোজিনী' (১৮৭৭) নাটক দুটি কার লেখা ?

**উত্তর :** ক) মনমোহন বসু ; খ) উপেন্দ্রনাথ দাস ; গ) অমৃতলাল বসু ; ঘ) রাজকৃষ্ণ রায়।

৬০। 'সুরেন্দ্র বিনোদিনী' নাটকটি কী কারণে বিশেষভাবে উল্লেখযোগ্য ?

**উত্তর :** ক) ভক্তিরসের নাটক ; খ) বিখ্যাত প্রহসন নাটক ; গ) উনিশ শতকের মঞ্চ সফল নাটক ;
ঘ) ইংরেজ শাসকের বিরুদ্ধে প্রচণ্ড ধিক্কারের প্রকাশ থাকায় নাটকটি অভিনয়ের সময় রাজদ্রোহের অভিযোগে ব্রিটিশ সরকার নাট্যকার, পরিচালক ও অভিনেতাদের গ্রেপ্তার করেছিলেন 'নাট্যনিয়ন্ত্রণ আইন' (১৮৭৬) প্রয়োগ করে।

৬১। দীনবন্ধু মিত্রের প্রথম নাটক কোনটি ?

**উত্তর :** ক) সধবার একাদশী ; খ) নীলদর্পণ ; গ) নবীন তপস্বিনী ; ঘ) জামাই বারিক।

৬২। বাংলা নাট্যসাহিত্যের আদি-যুগ বলে কোন কালপর্বকে চিহ্নিত করা হয় ?

**উত্তর :** ক) ১৭৫৩ – ১৮৫২ ; খ) ১৭৯৫ – ১৮৭২ ; গ) ১৮৭২ – ১৯০০ ; ঘ) ১৮৫২ – ১৮৭২।

৬৩। বাংলা নাট্যসাহিত্যের দ্বিতীয়-যুগ বলে কোন সময়কে ধরা হয় ?

**উত্তর :** ক) ১৮৫২ –এর পর থেকে ; খ) ১৮৭২ –এ সাধারণ রঙ্গমঞ্চ প্রতিষ্ঠার পর থেকে ;
গ) ১৮৫৯ –এ মধুসূদনের অবির্ভাবের পর থেকে ; ঘ ) রবীন্দ্রনাথের অবির্ভাবের পর থেকে।

৬৪। বাংলাদেশে পেশাদারি রঙ্গমঞ্চের যুগে ব্যতিক্রমী এক বিখ্যাত নাট্যকারের নাম লেখ।

**উত্তর :** ক) দ্বিজেন্দ্রলাল রায় ; খ) ক্ষীরোদপ্রসাদ ; গ) গিরিশচন্দ্র ঘোষ ; ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর।

৬৫। পেশাদারি রঙ্গমঞ্চে সফল হয়েছিল রবীন্দ্রনাথের এমন একটি নাটক হল –

**উত্তর :** ক) বিসর্জন ; খ) অচলায়তন ; গ) রাজা ; ঘ) ডাকঘর।

৬৬। 'বিসর্জন' নাটকটি রবীন্দ্রনাথের কোন উপন্যাসের নাট্যরূপ ?

**উত্তর :** ক) বৌঠাকুরানীর হাট ; খ) চোখের বালি ; গ) নৌকাডুবি ; ঘ) রাজর্ষি।

৬৭। 'চিরকুমার সভা' প্রহসনটি কার লেখা ?

**উত্তর :** ক) দ্বিজেন্দ্রলাল রায় ; খ) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ; গ) রবীন্দ্রনাথ ঠাকুর ; ঘ) গিরিশচন্দ্র ঘোষ।

৬৮। নীচের কৌতুক নাটক বা প্রহসনগুলির মধ্যে কোনটি রবীন্দ্রনাথের লেখা নয় ?

**উত্তর :** ক) গোড়ায় গলদ ; খ) বৈকুণ্ঠের খাতা ; গ) অলীকবাবু ; ঘ) চিরকুমার সভা।

৬৯। রবীন্দ্রনাথের 'গোড়ায় গলদ' নাটকের মার্জিতরূপ কোন নাটকটি ?

**উত্তর :** ক) শেষরক্ষা খ) বৈকুণ্ঠের খাতা ; গ) ডাকঘর ; ঘ) চিরকুমার সভা।

৭০। বাংলা নাট্যসাহিত্যের প্রথম প্রহসন কোনটি ? কত সালে তা প্রকাশিত হয় ?

**উত্তর :** ক) বাবু, ১৮৫২ ; খ) উভয় সঙ্কট, ১৮৫৫ ;

গ) একেই কি বলে সভ্যতা, ১৮৬০ ; ঘ) বাবু, ১৮৫৩।

৭১। গিরিশচন্দ্র তাঁর কোন সামাজিক নাটকটি দীনবন্ধুকে উৎসর্গ করেছিলেন ?

**উত্তর :** ক) বলিদান ; খ) হারানিধি ; গ) শাস্তি কি শান্তি ; ঘ) প্রফুল্ল।

৭২। 'নীলদর্পণ' নাটকের প্রভাব গিরিশচন্দ্রের কোন দুটি নাটকে পড়েছিল ?

**উত্তর :** ক) বলিদান, জনা ; খ) হারানিধি, প্রফুল্ল ;

গ) শাস্তি কি শান্তি, বিল্বমঙ্গল ; ঘ) প্রফুল্ল, বলিদান।

৭৩। 'বিধবা বিবাহ' নাটকটি কার লেখা ? কত সালে তা প্রকাশিত হয় ?

**উত্তর :** ক) রামনারায়ণ তর্করত্ন, ১৮৫৭ ; খ) বিদ্যাসাগর, ১৮৫৬ ;

গ) উমেশচন্দ্র মিত্র, ১৮৫৬ ; ঘ) কালীপ্রসন্ন সিংহ, ১৮৫৬।

৭৪। বাংলা সাহিত্যে শেক্সপিয়রের নাটকের অনুবাদের সূচনা কে করেছিলেন ?

**উত্তর :** ক) রামনারায়ণ তর্করত্ন ; খ) মধুসূদন দত্ত ; গ) কালীপ্রসন্ন সিংহ ; ঘ) হরচন্দ্র ঘোষ।

৭৫। হরচন্দ্র ঘোষের 'ভানুমতী-চিত্তবিলাস' শেক্সপিয়রের কোন নাটকের অনুবাদ ?

**উত্তর :** ক) রোমিও জুলিয়েট ; খ) ম্যাকবেথ ; গ) কিং লিয়র ; ঘ) মার্চেন্ট অফ ভেনিস।

৭৬। হরচন্দ্র ঘোষের 'চারুমুখ-চিত্তহরা' শেক্সপিয়রের কোন নাটকের অনুবাদ ?

**উত্তর :** ক) রোমিও জুলিয়েট ; খ) ম্যাকবেথ ; গ) কিং লিয়র ; ঘ) মার্চেন্ট অফ ভেনিস।

৭৭। রামনারায়ণ তর্করত্ন চারটি সংস্কৃত নাটকের অনুবাদ করেছিলেন, সেগুলি হল –

**উত্তর :** ক) বিক্রমোর্বশী, শকুন্তলা, রত্নাবলী, বেণীসংহার ;

খ) কৌরববিয়োগ, শকুন্তলা, রত্নাবলী, পাণ্ডববিজয় ;

গ) শকুন্তলা, রত্নাবলী, বেণীসংহার, মালতীমাধব ;

খ) কৌরববিয়োগ, শকুন্তলা, রত্নাবলী, মালতীমাধব।

৭৮। 'একেই কি বলে সভ্যতা ?', 'অলীকবাবু', 'সধবার একাদশী' এবং 'গোড়ায় গলদ' – এগুলির মধ্যে মিল কোথায় ?

**উত্তর :** ক) সবগুলি আদি-পর্বের নাটক ; খ) সবগুলি সামাজিক নাটক ;
গ) সবগুলি পৌরাণিক নাটক ; ঘ) সবগুলি প্রহসনধর্মী নাটক।

৭৯। মধুসূদন কাব্যসাহিত্যে অমর হয়ে আছেন অমিত্রাক্ষর ছন্দের জন্য। এই ছন্দরূপের তিনি প্রথম প্রয়োগ করেন একটি নাটকে। সেই নাটকটি হল –

**উত্তর :** ক) শর্মিষ্ঠা ; খ) কৃষ্ণকুমারী ; গ) একেই কি বলে সভ্যতা ; ঘ) পদ্মাবতী।

৮০। দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকটিকে আমেরিকান ঔপন্যাসিক হ্যারিয়েট স্টো রচিত 'আঙ্কল টমস্ কেবিন'-এর সঙ্গে কে তুলনা করেছেন ?

**উত্তর :** ক) গিরিশচন্দ্র ; খ) রবীন্দ্রনাথ ; গ) বঙ্কিমচন্দ্র ; ঘ) মধুসূদন।

৮১। আধুনিক বাংলা নাটক গড়ে উঠেছে কোন ধারা কে অবলম্বন করে ?

**উত্তর :** ক) সংস্কৃত নাটক ; খ) যাত্রা ; গ) লোকনাট্য ; ঘ) ইউরোপীয় নাটক।

*******************

***উত্তরমালা*** :

১. গ ; ২. ঘ ; ৩. খ ; ৪. খ ; ৫. ক ; ৬. খ ; ৭. গ ; ৮. ক ; ৯. খ ; ১০. ঘ ;
১১. গ ; ১২. ঘ ; ১৩. খ ; ১৪. গ ; ১৫. ঘ ; ১৬. ঘ ; ১৭. ক ; ১৮. গ ; ১৯. ঘ ; ২০. ঘ ;
২১. ক ; ২২. ঘ ; ২৩. ঘ ; ২৪. খ ; ২৫. ঘ ; ২৬. ঘ ; ২৭. গ ; ২৮. ক ; ২৯. খ ; ৩০. ক ;
৩১. গ ; ৩২. ঘ ; ৩৩. খ ; ৩৪. ঘ; ৩৫. গ ; ৩৬. ঘ ; ৩৭. খ ; ৩৮. ক ; ৩৯. গ ; ৪০. ঘ ;
৪১. খ ; ৪২. ঘ ; ৪৩. খ ; ৪৪. গ ; ৪৫. ক ; ৪৬. ঘ ; ৪৭. ক ; ৪৮. খ ; ৪৯. গ ; ৫০. ঘ ;
৫১. গ ; ৫২. ঘ ; ৫৩. খ ; ৫৪. গ ; ৫৫. ক ; ৫৬. ঘ ; ৫৭. ঘ ; ৫৮. গ ; ৫৯. খ ; ৬০. ঘ ;
৬১. খ ; ৬২. ঘ ; ৬৩. খ ; ৬৪. ঘ ; ৬৫. ক ; ৬৬. ঘ ; ৬৭. গ ; ৬৮. গ ; ৬৯. ক ; ৭০. ঘ ;
৭১. গ ; ৭২. ঘ ; ৭৩. গ ; ৭৪. ঘ ; ৭৫. ঘ ; ৭৬. ক ; ৭৭. গ ; ৭৮. ঘ ; ৭৯. ঘ ; ৮০. গ ;
৮১. ঘ।

***Prepared by Dr. Ajoy Saha, Astt. Prof. of Bengali, S.F.S Mahavidyalaya***